

মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে রেজিস্ট্রেশন ফি প্রদানের পদ্ধতি

কলেজ/সমমান প্রতিষ্ঠানে Selection প্রাপ্ত শিক্ষার্থী নিম্নলিখিত যে কোন একটি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে নিম্নরূপ হারে বোর্ডের রেজিস্ট্রেশন ফি প্রদান করলে স্বয়ংক্রিয়ভাবে তার ভর্তির প্রাথমিক নিশ্চায়ন হবে:

- ক) টেলিটক - বোর্ডের ফি ১৮৫/- টাকা + টেলিটক সার্ভিস চার্জ ১৪.৮০ টাকা = ১৯৯.৮০/- টাকা।
খ) রকেট - বোর্ডের ফি ১৮৫/- টাকা + রকেট সার্ভিস চার্জ ৪/- টাকা = ১৮৯/- টাকা।
গ) শিওরক্যাশ - বোর্ডের ফি ১৮৫/- টাকা + শিওরক্যাশ সার্ভিস চার্জ ৩/- টাকা = ১৮৮/- টাকা।

এখানে উল্লেখ্য যে ৮ জুন, ২০১৭ রাত ১১:৫৯ মিঃ পর্যন্ত রেজিস্ট্রেশন ফি প্রদান করা যাবে।

ক) টেলিটকের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি প্রদানের পদ্ধতি

টেলিটকের মোবাইল (প্রি-পেইড) ব্যবহার করে SMS-এর মাধ্যমে রেজিস্ট্রেশন ফি প্রদান করা যাবে। প্রার্থীকে তার এসএসসি/সমমানের পরীক্ষার বোর্ড, পাসের সন, রোল নম্বর এবং Security Code ব্যবহার করে টেলিটকের সিমের মাধ্যমে ১৮৫/- টাকা রেজিস্ট্রেশন ফি জমা প্রদান করতে হবে। তবে মোবাইল ফোনে কমপক্ষে ১৯৯.৮০ টাকা ব্যালেন্স থাকতে হবে।

১। মোবাইলের Message অপশন-এ গিয়ে নিম্নলিখিত নিয়মে আবেদন ফি প্রদান করতে হবে:

CAD <space> Board <space> Roll <space> Year <space> Security Code লিখে 16222 নম্বরে Send করতে হবে।
উপরের Message-এ Board এর স্থলে শিক্ষার্থী নিজের এসএসসি পাশের বোর্ডের প্রথম তিন অক্ষর (যেমন- Dhaka Board এর ক্ষেত্রে DHA), Roll এর স্থলে শিক্ষার্থীর এসএসসি/সমমান শিক্ষার্থীর Roll No, Year এর স্থলে এসএসসি/সমমান শিক্ষার্থীর Passing Year (যেমন 2017) এবং Security Code এর স্থলে মোবাইলে প্রাপ্ত শিক্ষার্থীর Security Code দিতে হবে।

উদাহরণঃ SMS-এর মাধ্যমে ফি প্রদান

CAD DHA 104285 2017 765432

ব্যাখ্যাঃ এখানে DHA-এসএসসি/সমমান পরীক্ষা পাসের বোর্ডের (Dhaka) নামের প্রথম তিন অক্ষর, 2017-এসএসসি/সমমান পরীক্ষা পাসের সন, 104285- আবেদকারীর এসএসসি/সমমান পরীক্ষার পাসের রোল নম্বর এবং 765432 – Security Code

২। উপরে বর্ণিত SMS টি সফলভাবে সম্পন্ন হলে ফিরতি SMS-এ আবেদনকারীর নাম, শিক্ষা বোর্ড, পাসের সন এবং রোল নম্বরসহ রেজিস্ট্রেশন ফি বাবদ ১৯৯.৮০ টাকা কেটে নেয়া হবে জানিয়ে একটি PIN কোড প্রদান করা হবে। ফি প্রদানে সম্মত থাকলে Message অপসন (Option) এ গিয়ে CAD <space> YES <space> PIN <space> Contact Number লিখে 16222 নম্বরে Send করতে হবে। Contact Number টি অবশ্যই শিক্ষার্থীর আবেদনের সময় ব্যবহৃত Contact নম্বর হতে হবে।

ফি সঠিকভাবে জমা হলে Contact Number এ ফি নিশ্চিতকরণের একটি Transaction ID সহ SMS যাবে।

উদাহরণঃ ফি নিশ্চিতকরণ

CAD YES 1268234

এখানে PIN -1268234

৩। বিভিন্ন শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় কোডসমূহ:

ঢাকা বোর্ড - DHA, কুমিল্লা বোর্ড - COM, রাজশাহী বোর্ড - RAJ, যশোর বোর্ড - JES, চট্টগ্রাম বোর্ড - CHI, বরিশাল বোর্ড - BAR, সিলেট বোর্ড - SYL, মাদরাসা বোর্ড - MAD, দিনাজপুর বোর্ড - DIN, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড - TEC এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় - BOU।

